



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৫৯/০৯৮

তারিখঃ ০৯ মাঘ ১৪২৮
২৩ জানুয়ারি ২০২২

জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা প্রাদুর্ভাব বৃদ্ধির কারণে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২১.০১.২০২২ তারিখে ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১ স্মারক এ জারিকৃত সরকারি প্রজ্ঞাপন ও অদ্য ২৩.০১.২০২২ তারিখ অনুষ্ঠিত ৫ম জরুরি একাডেমিক কাউন্সিল সভার সিদ্ধান্ত মোতাবেক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম ২৪.০১.২০২২ থেকে ০৬.০২.২০২২ পর্যন্ত নিম্নরূপে পরিচালিত হবে।

- ১। অত্র বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের প্রাধান্য দিয়ে কঠোর স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে মাস্ক পরে ৪র্থ বর্ষের চলমান পরীক্ষা সশরীরে নেওয়া হবে। তবে কোনো শিক্ষার্থী করোনা পজিটিভ হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ২। ৪র্থ বর্ষ ব্যতীত অন্যান্য বর্ষের চলমান ২/১ টি কোর্সের পরীক্ষা বাকী থাকলে সেসকল পরীক্ষা সশরীরে নেওয়া হবে।
- ৩। চলমান ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী চালু থাকবে।
- ৪। যথাযথ কঠোর স্বাস্থ্যবিধি মেনে অত্র বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খোলা থাকবে।
- ৫। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বর্ষের শিক্ষার্থীদের ক্লাশ, অ্যাসাইনমেন্ট, মিড টার্ম, প্রেজেন্টেশন ও মৌখিক পরীক্ষা অনলাইনে নেওয়া যাবে।
- ৬। অত্র বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কার্যক্রম সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত চালু থাকবে। তবে জরুরি পরিসেবাসমূহ (নিরাপত্তা, স্বাস্থ্যসেবা, চলমান অবকাঠামো উন্নয়ন কাজ, পানি, বিদ্যুৎ, পরিচ্ছন্নতা কার্যক্রম, পরিবহন দপ্তর, ইন্টারনেট, টেলিফোন) এর আওতা বহির্ভূত থাকবে।
- ৭। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কোনো ধরনের জনসমাবেশ হতে পারবে না। এ সময় বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট কাজ নেই এমন কোনো বহিরাগত ব্যক্তি ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।
- ৮। উক্ত সময়ে অত্র বিশ্ববিদ্যালয় শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদেরকে স্ব-স্ব অবস্থানে স্বাস্থ্যবিধি মেনে নিরাপদে অবস্থান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

স্বাঃ/-

(মোঃ মোরাদ হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৫৯/০৯৮(৫৫)

তারিখঃ ০৯ মাঘ ১৪২৮
২৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অনুসদ/বিভাগ/হল/দপ্তর প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)
- ৩। উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৫। অফিস নথি।

২৩/০১/২০২২

(মোঃ মোরাদ হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)